

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৫৬

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২) মুআয্যিনের জবাব দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ, কি বলে আযানের জবাব দিবে ও আযানের পর কি দু'আ পাঠ করবে তার বিবরণ

الترغيب في إجابة المؤذن وبماذا يجيبه وما يقول بعد الأذان

## আরবী

(حسن صحيح) و عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَجُلاً قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ الْمُؤَذِّنِينَ يَفْضُلُونَنَا فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُلْ كَمَا يَقُولُونَ فَإِذَا النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُلْ كَمَا يَقُولُونَ فَإِذَا النَّهَ عَلَيْهِ وَسَلَّمَ قُلْ كَمَا يَقُولُونَ فَإِذَا النَّهَ عَلَيْهِ وَسَلَّمَ قُلْ كُمَا يَقُولُونَ فَإِذَا النَّهَ عَلَيْهِ وَسَلَّمُ قُلْ كُمَا يَقُولُونَ فَإِذَا النَّهُ عَلَيْهِ وَسَلَّمُ قُلْ كُمَا يَقُولُونَ فَإِذَا النَّهُ عَلَيْهِ وَسَلَّمُ قُلْ كُمَا يَقُولُونَ فَإِذَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّا تُعْطَهُ.

رواه أبو داود والنسائي وابن حبان في صحيحه

## বাংলা

২৫৬. (হাসান সহীহ্) আবদুল্লাহ্ বিন আমর (রাযিআল্লাহু আনহুমা) থেকে বর্ণিত।

(তিনি বলেন,) জনৈক ব্যক্তি বলল, হে আল্লাহর রাসূল! মুআয্যিনগণ তো আমাদের চাইতে অধিক মর্যাদাশালী হয়ে গেলেন? তখন রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ ''তারা যেমন (আযানের শব্দগুলো) বলে তুমিও তার জবাব দাও। শেষ হলে যা প্রার্থনা করবে তা তোমাকে দেয়া হবে।''

(আবু দাউদ ৫২৪, নাসাঈ, ইবনে হিব্বান তাঁর (সহীহ্) গ্রন্থে ১৬৯৩ হাদীছটি বর্ণনা করেছেন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন